

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
পার-২ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৪৩.০১১.০১.০০.০০১.২০১৯-২৩৬

তারিখঃ ২৮.০৩.২০১৯খ্রিঃ

বিষয়ঃ ৩৭তম বিসিএস পরীক্ষার মাধ্যমে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে নিয়োগ সংক্রান্ত।

- সূত্রঃ (১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০.০৩.২০১৯খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.৩৭.০০৭.১৮-৯০ সংখ্যক পত্র।  
(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৫.০৩.২০১৯খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.৩৭.০০৭.১৮-৯৫ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে ৩৭তম বিসিএস এর মাধ্যমে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে সহকারী সার্জন/সহকারী ডেন্টাল সার্জন পদে নিয়োগের নিমিত্ত ৩০৮(তিনশত আট)জন প্রার্থীর প্রজ্ঞাপনের কপিসহ সংশ্লিষ্ট কাগজপত্র (বাংলাদেশ পুলিশ, স্পেশাল ব্রাঞ্চার প্রতিবেদন, স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন, মূল আবেদন) নির্দেশক্রমে পরবর্তী কার্যক্রম এতদসঙ্গে প্রেরণ করা হলো।

(ক) নবনিয়োগপ্রাপ্ত (২৫৮জন সহকারী সার্জন+৫০জন সহকারী ডেন্টাল সার্জন)=৩০৮জন চিকিৎসক আগামী ০৭.০৪.২০১৯খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় স্বাস্থ্য অধিদপ্তরে যোগদান করবেন;

(খ) চিকিৎসক সংকটের বিষয়টি বিবেচনায় নিয়ে ঢাকা এবং চট্টগ্রাম বিভাগ ব্যতিত অন্যান্য ০৬টি বিভাগের (রাজশাহী, খুলনা, সিলেট, রংপুর, বরিশাল এবং ময়মনসিংহ) বিভিন্ন উপজেলায় নবনিয়োগপ্রাপ্ত চিকিৎসকগণকে পদায়ন করতে হবে;

(গ) এ পদায়নের ক্ষেত্রে যতদূর সম্ভব নিকটবর্তী বিভাগ/নিজ জেলা/নিজ জেলার কাছাকাছি এবং প্রয়োজ্য ক্ষেত্রে স্বামী-স্ত্রীকে একই কর্মস্থলে পদায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ঘ) যে সকল উপজেলায় ০৬জনের কম চিকিৎসক রয়েছেন সে সকল উপজেলায় ০৬জন চিকিৎসক পদায়নের বিষয়টি নিশ্চিত করবে হবে;

(ঙ) স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক আগামী ০৪.০৪.২০১৯খ্রিঃ তারিখ নবনিয়োগপ্রাপ্ত চিকিৎসকগণের জন্য একটি ওরিয়েন্টেশন প্রোগ্রামের আয়োজন করতে হবে।

(এ কে এম ফজল হক)

যুগ্মসচিব (পার-২)

ফোনঃ ৯৫৪০৪৪৮

per2@hds.gov.bd

মহাপরিচালক  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। পরিচালক (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তৌকে মন্ত্রণালয়ের ওয়েব সাইটের হোম পেজে বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ)
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তৌকে মন্ত্রণালয়ের ওয়েব সাইটের হোম পেজে বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ)
- ৬। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। যুগ্মসচিব (প্রশাসন/পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।